

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৪৭৯.১৮.

তারিখ : ০১/২০১৮ খ্রিঃ

বিষয় : মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব মোঃ ওমর ফারুক এর অনুপস্থিতির দিনগুলি ছুটি মঞ্জুর পূর্বক যোগদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-৩৭.০৩.৭৫৮৭.০০০.০১.০০৮.১৫-৫৩৯ তারিখ: ২১/১২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব মোঃ ওমর ফারুক অনুপস্থিতির দিনগুলি ছুটি মঞ্জুর পূর্বক যোগদানের অনুমতি প্রদানের জন্য আবেদন পাওয়া গেছে।

- ২। তিনি মানসিক ও শারিরিক অসুস্থতাজনিত কারণে কর্মস্থলে উপস্থিত থেকে দায়িত্ব পালন করেননি। কারিগরি শিক্ষা অধিদপ্তরে স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৮.২৪৯.১৫.৪৬ তারিখ: ১০/০১/২০১৬ খ্রিঃ মোতাবেক তাকে পত্র প্রেরণ করা হলেও তিনি মানসিক ও শারিরিকভাবে অসুস্থ থাকায় জবাব দাখিল কিংবা উপস্থিত হতে পারেননি মর্মে জানান।
- ৩। এমতাবস্থায়, জুনিয়র ইন্সট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব মোঃ ওমর ফারুক ২৯/০৮/২০১৫ খ্রিঃ হতে ১৬/১২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়ে তার বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এ সংক্রান্ত একটি প্রতিবেদন অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজ

মাইজদী, নোয়াখালী।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৪৭৯.১৮. ২৬ (৫)

তারিখ : ০৭/০১/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নোয়াখালী।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। জনাব মোঃ ওমর ফারুক, জুনিয়র ইন্সট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স), মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাইজদী, নোয়াখালী।
- ৪। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।